ধর্মীয় উস্কানিমূলক অপপ্রচার রোধে জেলা প্রশাসনের সতর্কতা

ধর্মীয় উস্কানিমূলক অপপ্রচার
রোধে জেলা প্রশাসনের সতর্কতা

বার্তাকক্ষ : পাবনা জেলা প্রশাসনের নাম ও মোবাইল নম্বর ব্যবহার করে ধর্মীয় সম্প্রীতি নষ্ট করতে অপপ্রচার চালাচ্ছে একটি কুচক্রি মহল। আজ মঙ্গলবার (১১ অক্টোবর) সকালের দিকে এমনই এক সতর্ক বার্তা পাবনা জেলা প্রশাসক রেখা রানী বালো জেলা প্রশাসন পাবনা ফেসবুক পেজে একটি স্ট্যাটাসে তুলে ধরেছেন।

নিউজ পাবনা ডটকম পত্রিকার পাঠকদের জন্য যা হুবহু তুলে ধরা হলো :

‘সম্প্রতি জেলা প্রশাসক, পাবনার নাম ও মোবাইল নম্বর ব্যবহার করে একটি ক্ষুদ্র কুচক্রী মহল ধর্মীয় উস্কানিমূলক অপপ্রচার চালাচ্ছে। এ ধরনের অপপ্রচারে বিভ্রান্ত না হওয়ার জন্য জেলা প্রশাসন, পাবনার পক্ষ থেকে অনুরোধ করা হচ্ছে। অপপ্রচারকারীদের বিরুদ্ধে প্রয়োজনীয় আইনগত ব্যবস্থা নেওয়ার জন্য আইন প্রয়োগকারী সংস্থাসমূহকে অবহিত করা হয়েছে। এ বিষয়ে বিভ্রান্ত না হতে, সতর্ক থাকতে এবং সাম্প্রদায়িক সম্প্রীতির ঐতিহ্য বজায় রাখতে সকলকে আন্তরিকভাবে অনুরোধ করা হলো’।